



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION



Second Term Test – 2018

Sub: Bengali Grammar & Comp

Class: V

F. M. - 80

Duration: 2Hrs 30 Mins

Date: 08.08.18

(বাগান ভুল, বাক্যের গঠনে ভুল, অপরিষ্কার ও অপরিচ্ছন্ন হাতের লেখার জন্য নম্বর কাটা যেতে পারে)

বিভাগ-ক (২৫)

১) সঠিক উত্তর নির্বাচন করে লেখ:

(৫ × ১ = ৫)

১.১)	বিভক্তিযুক্ত শব্দকে বলা হয় -	ক) ধাতু	খ) পদ	গ) ধ্বনি	ঘ) বাক্য
১.২)	বাক্যে যার সম্বন্ধে কিছু বলা হয় তাকে বলে -	ক) উদ্দেশ্য	খ) বিভক্তি	গ) বিধেয়	ঘ) বিশেষ্য
১.৩)	ধাতুর সাথে ধাতুবিভক্তি যুক্ত হয়ে গঠিত হয় -	ক) নামপদ	খ) সর্বনামপদ	গ) ক্রিয়াপদ	ঘ) বিশেষ্যপদ
১.৪)	মায়ের কাছ থেকে শেখা ভাষাকে বলা হয় -	ক) কথ্যভাষা	খ) লেখ্যভাষা	গ) মাতৃভাষা	ঘ) বিদেশীভাষা
১.৫)	বাক্য গঠন করার জন্য প্রয়োজন হয় -	ক) বর্ণ	খ) পদ	গ) শব্দ	ঘ) ধ্বনি

২) নীচের বিশেষ্য পদগুলি বিশেষণ পদে পরিবর্তন করো:

(৫ × ১ = ৫)

২.১) লোক	২.২) জল	২.৩) শিব
২.৪) পিতা	২.৫) পৃথিবী	

৩) বাঁদিকের শব্দের সাথে ডানদিকের বিপরীত শব্দ মিলিয়ে লেখ: (৫ × ১ = ৫)

	বাঁদিক		ডানদিক
(ক)	উত্তর	(ক)	সৃষ্টি
(খ)	গরল	(খ)	উন্নত
(গ)	ধ্বংস	(গ)	বৃহৎ
(ঘ)	অবনত	(ঘ)	দক্ষিণ
(ঙ)	ক্ষুদ্র	(ঙ)	ভ্রমত

৪) অতি সংক্ষিপ্ত উত্তর দাও

(৫ × ১ = ৫)

৪.১	আমি গাছে <u>জল</u> দিয়েছি - জল কী পদ?
৪.২	<u>তুমি</u> বাড়ি যাও - তুমি কী পদ?
৪.৩	আমি পঞ্চম <u>শ্রেণীতে</u> পড়ি - শ্রেণী কী পদ?
৪.৪	<u>কেউ</u> এ কাজ করেছে - কেউ কী পদ?
৪.৫	<u>রামায়ণ</u> আমাদের পবিত্র ধর্মগ্রন্থ - রামায়ণ কী পদ?

৫) সত্য/মিথ্যা বিচার করঃ

(৫ × ১ = ৫)

৫.১	নামপদ চার প্রকার।
৫.২	কোন কাজ করাকে ক্রিয়াবাচক বিশেষ্য বলে।
৫.২	বর্ণ হল ধ্বনির সাক্ষেতিক উচ্চারিত রূপ।
৫.৪	ভাষার সাহায্যে আমরা মনের ভাব প্রকাশ করি।
৫.৫	বাক্য তৈরির মূলে থাকে কর্তা ও ক্রিয়া।

বিভাগ-খ (২৫)

১) অতি সংক্ষিপ্ত উত্তর দাওঃ

(৫ × ২ = ১০)

১.১	অন্তঃস্থ বর্ণ কয়টি ও কি কি?
১.২	স্পর্শবর্ণ কাদের বলে? স্পর্শবর্ণ কয়টি?
১.৩	বিভক্তি কয় প্রকার ও কি কি?
১.৪	মৌলিকস্বর কাকে বলে? মৌলিকস্বর কয়টি?
১.৫	বাংলা বর্ণমালা কাকে বলে? বাংলা বর্ণমালায় কয়টি বর্ণ আছে?

২) সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাওঃ (যে কোনো পাঁচটি)

(৫ × ৩ = ১৫)

২.১	পদ কাকে বলে? পদ কয় প্রকার ও কি কি?
২.২	শব্দ ও পদের মধ্যে কি কি মিল ও অমিল আছে?
২.৩	ক্রিয়া ও ক্রিয়াবাচক বিশেষ্যের মধ্যে পার্থক্য কি?
২.৪	সর্বনাম পদ কাকে বলে? উদাহরণ সহ লেখ।
২.৫	নির্দেশক সর্বনাম কাকে বলে? উদাহরণ সহ লেখ।
২.৬	যোগিকস্বর কাকে বলে? যোগিকস্বর কয়টি?
২.৭	ব্যক্তিবাচক সর্বনাম কাকে বলে? উদাহরণ সহ লেখ।

বিভাগ-গ (৩০)

১) যে কোনো একটি চিঠি লেখঃ

(১৪)

(ক) একটি বৃষ্টির দিন তুমি কি ভাবে কাটিয়েছ সেই সম্পর্কে বন্ধুকে একটি চিঠি লেখ।

(খ) তোমার বিদ্যালয়ে সমবেত প্রার্থনাসভা তোমার কেমন লাগে সেই সম্পর্কে মামাকে একটি চিঠি লেখ।

২) যে কোনো একটি অনুচ্ছেদ লেখঃ (১৫০ শব্দে)

(১৬)

(ক) আমার পরিবার।

(খ) পাঁচিশে বৈশাখ।

(গ) পাখির বাসা।



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION



Second Term Test - 2018

Sub: Bengali Grammar & Comp

Class: V

F. M. - 80

Model Answers

Duration: 2Hrs 30 Mins

Date: 08.08.18

(বানান ভুল, বাক্যের গঠনে ভুল, অপরিষ্কার ও অপরিচ্ছন্ন হাতের লেখার জন্য নম্বর কাটা যেতে পারে)

বিভাগ-ক (২৫)

১) সঠিক উত্তর নির্বাচন করে লেখঃ

(৫ × ১ = ৫)

১.১)	বিভক্তিযুক্ত শব্দকে বলা হয় -	খ) পদ
১.২)	বাক্যে যার সম্বন্ধে কিছু বলা হয় তাকে বলে -	ক) উদ্দেশ্য
১.৩)	ধাতুর সাথে ধাতুবিভক্তি যুক্ত হয়ে গঠিত হয় -	গ) ক্রিয়াপদ
১.৪)	মায়ের কাছ থেকে শেখা ভাষাকে বলা হয় -	গ) মাতৃভাষা
১.৫)	বাক্য গঠন করার জন্য প্রয়োজন হয় -	খ) পদ

২) নীচের বিশেষ্য পদগুলি বিশেষণ পদে পরিবর্তন করো

(৫ × ১ = ৫)

২.১) লোক - লৌকিক	২.২) জল - জলীয়	২.৩) শিব - শৈব	২.৪) পিতা - পৈতৃক	২.৫) পৃথিবী - পার্থিব
------------------	-----------------	----------------	-------------------	-----------------------

৩) বান্দিকের শব্দের সাথে ডানদিকের বিপরীত শব্দ মিলিয়ে লেখঃ

(৫ × ১ = ৫)

	বান্দিক		ডানদিক
(ক)	উত্তর	(ক)	দক্ষিণ
(খ)	গরল	(খ)	অমৃত
(গ)	ধ্বংস	(গ)	সৃষ্টি
(ঘ)	অবনত	(ঘ)	উন্নত
(ঙ)	ক্ষুদ্র	(ঙ)	বৃহৎ

৪) একটি শব্দে উত্তর দাও

(৫ × ১ = ৫)

৪.১	আমি গাছে জল দিয়েছি - জল কী পদ?	বস্তুবাচক বিশেষ্য
৪.২	তুমি বাড়ি যাও - তুমি কী পদ?	ব্যক্তিবাচক সর্বনাম
৪.৩	আমি পঞ্চম শ্রেণীতে পড়ি - শ্রেণী কী পদ?	সমষ্টিবাচক বিশেষ্য
৪.৪	কেউ এ কাজ করেছে - কেউ কী পদ?	অনিশ্চয়সূচক সর্বনাম
৪.৫	রামায়ণ আমাদের পবিত্র ধর্মগ্রন্থ - রামায়ণ কী পদ?	সংজ্ঞাবাচক বিশেষ্য

৫) সত্য/মিথ্যা বিচার করঃ

(৫ × ১ = ৫)

৫.১	নামপদ চার প্রকার।	সত্য
৫.২	কোন কাজ করাকে ক্রিয়াবাচক বিশেষ্য বলে।	মিথ্যা
৫.২	বর্ণ হল ধ্বনির সাক্ষেতিক উচ্চারিত রূপ।	মিথ্যা
৫.৪	ভাষার সাহায্যে আমরা মনের ভাব প্রকাশ করি।	সত্য
৫.৫	বাক্য তৈরির মূলে থাকে কর্তা ও ক্রিয়া।	সত্য

বিভাগ-খ (২৫)

১) অতি সংক্ষিপ্ত উত্তর দাওঃ

(৫ × ২ = ১০)

১.১	অন্তঃস্থ বর্ণ কয়টি ও কি কি?	চারটি ; য, র, ল, ব
১.২	স্পর্শবর্ণ কাদের বলে? স্পর্শবর্ণ কয়টি?	ক থেকে ম পর্যন্ত বর্ণগুলিকে স্পর্শবর্ণ বলে; স্পর্শবর্ণ হল পাঁচটি।
১.৩	বিভক্তি কয় প্রকার ও কি কি?	বিভক্তি দুই প্রকার। ১) শব্দ বিভক্তি ২) ধাতু (ক্রিয়া) বিভক্তি
১.৪	মৌলিকস্বর কাকে বলে? মৌলিকস্বর কয়টি?	যে স্বরধ্বনিকে ভাঙা যায়না তাকে মৌলিকস্বর বলে। বাংলায় মৌলিকস্বর সাতটি।
১.৫	বাংলা বর্ণমালা কাকে বলে? বাংলা বর্ণমালায় কয়টি বর্ণ আছে?	বাংলায় সব কয়টি বর্ণকে একসাথে বাংলা বর্ণমালা বলে। বর্ণমালায় মোট বর্ণ হল ৪৬ টি

২) সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (যে কোনো পাঁচটি) : (৫ × ৩ = ১৫)

২.১	<p>পদ কাকে বলে? পদ কয় প্রকার ও কি কি?</p> <p>- বিভক্তি যুক্ত শব্দ বা ধাতুকে পদ বলা হয়।</p> <p>উদাহরণ - গাছে ফুল ফুটেছে। গাছ + এ (শব্দবিভক্তি) = গাছে (পদ);</p> <p>পদ প্রধানত দুই প্রকার - (১) নামপদ ও (২) ক্রিয়াপদ। নামপদ চার প্রকার- বিশেষ্য, বিশেষণ, সর্বনাম ও অব্যয়। পদ এই ভাবে পাঁচ প্রকার।</p>												
২.২	<p>শব্দ ও পদের মধ্যে কি কি মিল ও অমিল আছে? -</p> <table><tr><td></td><td>মিল</td><td></td><td>অমিল</td></tr><tr><td>(ক)</td><td>শব্দের অর্থ আছে এবং পদেরও অর্থ আছে।</td><td>(ক)</td><td>শব্দের মধ্যে বিভক্তি নেই এবং পদের বিভক্তি আছে।</td></tr><tr><td>(খ)</td><td>শব্দ বর্ণ দিয়ে গঠিত হয় এবং পদও বর্ণ দিয়ে গঠিত হয়।</td><td>(খ)</td><td>শব্দ সরাসরি বাক্যে ব্যবহৃত হয়না কিন্তু পদ শুধুমাত্র বাক্যেই ব্যবহৃত হয়।</td></tr></table>		মিল		অমিল	(ক)	শব্দের অর্থ আছে এবং পদেরও অর্থ আছে।	(ক)	শব্দের মধ্যে বিভক্তি নেই এবং পদের বিভক্তি আছে।	(খ)	শব্দ বর্ণ দিয়ে গঠিত হয় এবং পদও বর্ণ দিয়ে গঠিত হয়।	(খ)	শব্দ সরাসরি বাক্যে ব্যবহৃত হয়না কিন্তু পদ শুধুমাত্র বাক্যেই ব্যবহৃত হয়।
	মিল		অমিল										
(ক)	শব্দের অর্থ আছে এবং পদেরও অর্থ আছে।	(ক)	শব্দের মধ্যে বিভক্তি নেই এবং পদের বিভক্তি আছে।										
(খ)	শব্দ বর্ণ দিয়ে গঠিত হয় এবং পদও বর্ণ দিয়ে গঠিত হয়।	(খ)	শব্দ সরাসরি বাক্যে ব্যবহৃত হয়না কিন্তু পদ শুধুমাত্র বাক্যেই ব্যবহৃত হয়।										
২.৩	<p>ক্রিয়া ও ক্রিয়াবাচক বিশেষ্যের মধ্যে পার্থক্য কি?</p> <p>ক্রিয়া বললে কোনো কাজ করা বোঝায়। যেমন - ছেলেটি <u>পড়ছে</u> - ক্রিয়াপদ</p> <p>ক্রিয়াবাচক বিশেষ্য বললে কোনো কাজের নাম বোঝায়।</p> <p>যেমন - ছেলেটি <u>পড়ায়</u> ভালো - ক্রিয়াবাচক বিশেষ্য</p>												
২.৪	<p>সর্বনাম পদ কাকে বলে? উদাহরণ সহ লেখ।</p> <p>- বাক্যকে শ্রুতিমধুর করার জন্য বিশেষ্য পদ বা পদসমষ্টির বদলে যে পদ ব্যবহৃত হয় তাকে সর্বনাম পদ বলে। উদাহরণ - <u>সে</u> আজ খেলতে আসেনি। সে - সর্বনাম পদ।</p>												
২.৫	<p>নির্দেশক সর্বনাম কাকে বলে? উদাহরণ সহ লেখ।</p> <p>- যে সর্বনামের দ্বারা কোনো কিছুকে নির্দিষ্ট করে বোঝানো হয় তাকে</p> <p>যেমন - <u>এটা</u> টেবিলে রাখ, <u>এটা</u> - নির্দেশক সর্বনাম পদ।</p>												
২.৬	<p>যৌগিকস্বর কাকে বলে? কয়টি?</p> <p>- যে স্বরধ্বনি উচ্চারণ করতে দুটি স্বরধ্বনির প্রয়োজন হয় তাকে যৌগিকস্বর বলে।</p> <p>যৌগিকস্বর দুটি - ঐ (ও + ই) , ঔ (ও + উ)</p>												
২.৭	<p>ব্যক্তিবাচক সর্বনাম কাকে বলে? উদাহরণ সহ লেখ।</p> <p>ব্যক্তিবাচক বিশেষ্যের পরবর্তে যে সর্বনাম হয় তাকে ব্যক্তিবাচক সর্বনাম বলে।</p> <p><u>সে</u> রোজ খেলা করে। সে - ব্যক্তিবাচক সর্বনাম।</p>												

১) যে কোনো একটি চিঠি লেখঃ

(১৪)

চিঠি লেখার ছয়টি নিয়ম মেনে চিঠি লিখতে হবে।

(ক)	একটি বৃষ্টির দিন তুমি কি ভাবে কাটিয়েছ সেই সম্পর্কে বন্ধুকে একটি চিঠি লেখ।	একটি বৃষ্টির দিনের বর্ণনা দিয়ে চিঠি লিখবে।
(খ)	তোমার বিদ্যালয়ে সমবেত প্রার্থনাসভা তোমার কেমন লাগে সেই সম্পর্কে মামাকে একটি চিঠি লেখ।	বিদ্যালয়ে প্রার্থনাসভা কখন হয়, কিভাবে হয়, সেই সম্পর্কে লিখতে হবে।

৮) যে কোনো একটি অনুচ্ছেদ লেখঃ (১৫০ শব্দে)

(১৬)

(ক)	আমার পরিবার	তোমার পরিবারের সদস্য কারা, তাদের সাথে তোমার সম্পর্ক, পরিবারে তোমার প্রিয় সদস্য, পরিবারের সকলের প্রতি তোমার কর্তব্য।
(খ)	পাঁচিশে বৈশাখ	বিশ্বকবি রবীন্দ্রনাথের জন্মদিন পালন। তোমার বিদ্যালয়ে ও রবীন্দ্রনাথের জন্মস্থান জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে, শান্তিনিকেতনে বিশ্বভারতীতে।
(গ)	পাখির বাসা	পাখির বাসার আকৃতি। বর্ণনা, তোমার অভিজ্ঞতা।